



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নবনির্মিত আনসার ক্যাম্প উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ নভেম্বর ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন হলো নবনির্মিত আনসার ক্যাম্প। অদ্য ১৫ নভেম্বর ২০২৩ তারিখ দুপুর ২ টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া ফলক উন্মোচন ও দোয়া-মোনাজাতের মাধ্যমে নবনির্মিত বরিশাল বিশ্ববিদ্যালয় আনসার ক্যাম্প উদ্বোধন করেন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় বলেন, আনসার ক্যাম্পটি নির্মিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যগণ সার্বক্ষণিকভাবে ক্যাম্পাসে অবস্থান করবে যা শিক্ষার্থীসহ বিশ্ববিদ্যালয়ের সকলের নিরাপত্তায় ইতিবাচক প্রভাব ফেলবে। উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের সার্বিক নিরাপত্তার লক্ষ্যে আনসার সদস্যদের সর্বদা সচেতন থাকতে আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ড. আবদুল্লাহ আল মাসুদ, শেরে বাংলা হলের প্রভোস্ট আবু জাফর মিয়া, প্রক্টর ড. খোরশেদ আলম, উপ-প্রধান প্রকৌশলী মুরশীদ আবেদীন ও অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ। রেজিস্ট্রার মো. মনিরুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট, বিভিন্ন বিভাগের শিক্ষকমন্ডলী, দপ্তর প্রধান, বিভিন্ন পরিষদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে আনসারদের পক্ষে উপস্থিত ছিলেন আনসার ও ভিডিপি বরিশাল জেলার জেলা কমান্ডেন্ট রাকিব উদ্দীন। উল্লেখ্য বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের আবাসনের কথা বিবেচনা করে আনসার ক্যাম্পটি নির্মাণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলীর অফিসের তত্ত্বাবধানে ২৮ লক্ষ ৯৬ হাজার টাকা ব্যয়ে আনসার ক্যাম্পের এ ভবনটি নির্মিত হয়েছে। নবনির্মিত এ ক্যাম্পে আনসার ও ভিডিপির ৪০ জন সদস্য থাকতে পারবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস